


রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির জন্য নথি সংগ্রহ এবং আবেদনপত্র পূরণ করা সন্দর্ভে চন্দ্র শর্মা নামের একটি চরিত্র এবং তার কাল্পনিক পরিবারের দ্বারা নেওয়া ব্যবস্থার একটি উদাহরণ



আসুন, চন্দ্র শর্মার পরিবারের সদস্যদের সংগে পরিচিত হই

এরপর এই পরিবারটি প্রয়োজনীয় নথি কিভাবে সংগ্রহ এবং ব্যবহার করেছে তা দেখি আসুন

প্রথম প্রজন্ম: স্বর্গীয় জনার্দন শর্মা (তারিখা-A, ১৯৭১ সনের ভোটার তালিকা) এবং মীরা শর্মা (তারিখা-A থেকে নিজের নামে থাকা ডাকঘরের হিসাবের নথি ১৯৬৬ সনের পাসবুক। যেহেতু ১৯৬৬ সনের ডাকঘরের হিসাবের নথি মীরা শর্মার নিজের নামে আছে তাই তার জন্য তারিখা-B থেকে সম্পর্কের যোগসূত্র প্রমাণের আবেদন করা নেই।)

দ্বিতীয় প্রজন্ম: চন্দ্র শর্মা (তারিখা-A থেকে পিতৃ জনার্দন শর্মার নাম থাকা ১৯৭১ সনের ভোটার তালিকা দাখিল করেছেন।) এবং তরালী দেবী (তারিখা-A থেকে পিতৃ গণেশ বরঠাকুরের ১৯৬৩ সনের SEBA র HSLC র প্রমাণপত্র দাখিল করবেন।)

তৃতীয় প্রজন্ম: উৎপল শর্মা (তারিখা-B থেকে চন্দ্র শর্মার সংগে সম্পর্ক প্রতিপন্ন করতে তার নিজের এবং পিতৃর নাম একসঙ্গে থাকা ২০১৪ সনের প্যান কার্ড ব্যবহার করেছেন। পিতামহ জনার্দন শর্মার সংগে পিতৃর সম্পর্ক ইতিমধ্যেই প্রতিপন্ন হয়েছে।) এবং মনীষা কলিতা শর্মা (তারিখা-B থেকে পিতৃ গণেশ বরঠাকুরের সংগে সম্পর্ক প্রতিপন্ন করার জন্য ১৯৮৪ সনের HSLC পরীক্ষার এডমিট কার্ড দাখিল করেছেন।)

চতুর্থ প্রজন্ম: তনুশ্রী শর্মা (তারিখা-A থেকে প্রপিতামহ জনার্দন শর্মার নাম থাকা ১৯৭১ সনের ভোটার তালিকার লিগেন্ডি ডাটা কোড দাখিল করেছেন।) এবং তনুশ্রী শর্মা (তারিখা-B থেকে পিতৃ উৎপল শর্মার সংগে সম্পর্ক প্রতিপন্ন করার জন্য তার নিজের এবং পিতৃ উৎপল শর্মার নাম থাকা ২০১০ সনের তনুশ্রীর জন্মের প্রমাণপত্র দাখিল করবেন। তনুশ্রীর পিতৃ উৎপল ইতিমধ্যেই পিতামহ চন্দ্র শর্মার দ্বারা প্রপিতামহ জনার্দনের সংগে সম্পর্ক প্রতিপন্ন করেছেন।)

সারাংশ: সদস্য ক্রমিক নং-১ মীরা শর্মা* নিজের নামে থাকা ১৯৬৬ সনের পূর্বের নথির সাহায্যে নাম অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জন করেছেন। সদস্য ক্রমিক নং-২ চন্দ্র শর্মা পিতৃ স্বর্গীয় জনার্দন শর্মার* নামে থাকা নথি এবং পিতৃর সংগে যোগসূত্র প্রতিপন্ন করে যোগ্যতা অর্জন করেছেন। সদস্য ক্রমিক নং-৩ তরালী দেবী পিতৃ গণেশ বরঠাকুরের* নামে থাকা নথি এবং পিতৃর সংগে সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করে যোগ্যতা আহরণ করেছেন। সদস্য ক্রমিক নং-৪ উৎপল শর্মা পিতামহ জনার্দন শর্মার* নামে থাকা নথি এবং পিতামহ জনার্দন এবং পিতৃ চন্দ্র শর্মা এবং নিজের সংগে যোগসূত্র প্রতিপন্ন করে যোগ্যতা আহরণ করেছেন। সদস্য ক্রমিক নং-৫ মনীষা কলিতা শর্মা পিতামহ স্বর্গীয় নিপেন কলিতার* নামে থাকা নথি এবং পিতামহ, মাতৃ সুমিতা কলিতা এবং নিজের সংগে যোগসূত্র প্রতিপন্ন করে যোগ্যতা আহরণ করেছেন। সদস্য ক্রমিক নং-৬ তনুশ্রী শর্মা প্রপিতামহ জনার্দন শর্মার* নথি এবং প্রপিতামহ জনার্দন, পিতামহ চন্দ্র শর্মা এবং পিতৃ উৎপল শর্মা এবং নিজের সংগে যোগসূত্র প্রতিপন্ন করে যোগ্যতা আহরণ করেছেন।

*ব্যক্তিগণ যাদের নাম ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বের নথিতে উল্লেখ আছে।

ওপরের উদাহরণটিতে পরিবারের সদস্যগণ রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জনের জন্য অবলম্বন করা বিভিন্ন উপায়ের মধ্যে কেবল একটি উপায়ের বিবরণ উল্লেখ করা হয়েছে। এই পরিবারটি অন্য অনেক প্রকারে এরকম যোগ্যতা আহরণ করতে পারবে। উদাহরণস্বরূপ-

- ১নং সদস্য মীরা শর্মা তারিখা-A র অন্তর্ভুক্ত অন্য যে কোন অনুমোদিত নথিও দাখিল করতে পারবেন।
- ২নং সদস্য চন্দ্র শর্মা কোন উপযুক্ত নথির সাহায্যে সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করে তার মাতৃ মীরা শর্মার দ্বারা নাম অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জন করতে পারবেন। এক্ষেত্রে মাতৃ মীরা শর্মা এবং পূত্র চন্দ্র শর্মার নাম একসঙ্গে থাকা কোন নথি না থাকলেও, ২০১৪ সনের ভোটার তালিকাটি, যেখানে জনার্দন শর্মার নাম চন্দ্র শর্মার পিতৃ এবং মীরা শর্মার স্বামী হিসাবে উল্লেখ আছে - সেই ভোটার তালিকার মাধ্যমেই চন্দ্র এবং মাতৃ মীরা শর্মার সম্পর্ক স্থাপন করা যাবে এবং নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির জন্য মাতৃর মাধ্যমে চন্দ্র শর্মার যোগ্যতা প্রতিপন্ন হবে।
- ৪নং সদস্য উৎপল শর্মার জন্মও অন্য বিকল্প উপায় আছে। উৎপল শর্মার পিতৃ চন্দ্র শর্মা যদি মাতৃ মীরা শর্মার দ্বারা যোগ্যতা অর্জন করে তাহলে উৎপল শর্মাও পিতৃ চন্দ্র শর্মার দ্বারা মাতামহ মীরা শর্মার সংগে সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করতে পারবেন। তদুপরি, উৎপল শর্মা মাতৃ তরালী দেবীর দ্বারা মাতৃর দিকের পিতামহ গণেশ বরঠাকুরের সংগে সম্পর্কের যোগসূত্র প্রমাণ করেও রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির যোগ্যতা আহরণ করতে পারবেন।
- ৬নং সদস্য তনুশ্রী শর্মার কাছেও উপলব্ধ অন্যান্য বিকল্প উপায়ের মধ্যে পিতৃ উৎপল শর্মা অবলম্বন করা উপায় গ্রহণ করে পিতৃ উৎপল শর্মা এবং পিতামহ চন্দ্র শর্মার দ্বারা প্রপিতামহ মীরা শর্মার সংগে সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করে নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জন করতে পারবেন। তদুপরি তনুশ্রী মাতৃ মনীষা কলিতা শর্মার দ্বারা মাতৃর দিকের প্রপিতামহ নিপেন কলিতার সংগে সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করেও নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জন করতে পারবেন। তনুশ্রীর জন্মের প্রমাণপত্রে ইতিমধ্যেই মাতৃ মনীষার নাম নথিভুক্ত হয়ে থাকলে এই উপায়টি অবলম্বন করাটা তার জন্য অধিক সহজ হবে।

এভাবেই চন্দ্র শর্মার পরিবার উন্নীত করতে নেওয়া রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির জন্য আবশ্যিকীয় নথিপত্র সংগ্রহ করে আবেদনপত্র পূরণ করতে প্রস্তুত হয়েছে। আসুন, পরবর্তী পৃষ্ঠায় দেখে নিই এই পরিবারটি কিভাবে আবেদনপত্র পূরণ করেছে।

